প্রাথমিক শিক্ষা সমাপনী
পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন
বিষয়ঃ বাংলা

সময়ঃ ২.৩০ঘন্টা **পূর্ণমানঃ ১০০**

■ **প্রদত্ত কবিতাংশ পড়ে ১, ২, ৩ ও ৪ নং ক্রমিকের প্রশ্নের উত্তর লেখঃ**

১৯৫২ সালে পাকিস্তানি শাসকরা বাঙালির মুখের ভাষা কেড়ে নিতে চাইলে বাংলার মায়ের সন্তানেরা তা মেনে নেয়নি। বাংলা ভাষাকে অপমান করা মানেই বাংলা মাকে অপমান করা। এ কারণে বাংলার দামাল ছেলেরা মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ২১শে ফেব্রুয়ারি ১৪৪ ধারা ভঙ্গ করে রাজপথে মিছিল বের করে। এ যেন এক সমুদ্র জনতা এগিয়ে চলে। ফলে সরকারের নির্দেশে পুলিশ মিছিলে গুলিবর্ষণ করে। পুলিশের গুলিতে শহিদ হন সালম, বরকত, রফিক, জব্বারসহ আরো অনেকে। এইসব শহিদ ছেলের দানের বিনিময়ে আমরা পেয়েছি মাতৃভাষা বাংলা। এই রক্তে রাঙানো ফেব্রুয়ারিকে নিয়ে লেখা হয়েছে গান, কবিতাসহ অসংখ্য সাহিত্য। তাই কবির ভাষায় বলতে পারি আমার ভাইয়ের রক্তে লেখা ফেব্রুয়ারির গান। এজন্য একুশ আমার অহংকার, আমার গর্ব। তাই প্রতিবছর আমরা শহিদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করি।

Copyright Md Shah Jamal

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখঃ **১×৫=৫**

ক) উপরের অনুচ্ছেদটি মূলত যে বিষয় নিয়ে লেখা তাহলো- দেশ বিভাগ / ভাষা আন্দোলন / গণ-অভ্যুত্থান / মুক্তিযুদ্ধ।

খ) ফেব্রুয়ারির গান রক্তে লেখা কেন?- যুদ্ধ করার জন্য / শহিদ হওয়ার জন্য / মায়ের ভাষা বলে / সুমধুর হওয়ার জন্য।

গ) ১৪৪ ধারা ভঙ্গের কারণ- বাংলা ভাষার দাবিতে / পুলিশের গুলিবর্ষণ / রাষ্ট্রভাষার দাবিতে / মায়ের আদেশে।

ঘ) বাংলা ভাষাকে শহিদ ছেলের দান বলার কারণ কী?- শহিদরা এ ভাষা দিয়েছে / এ ভাষার জন্য ছেলেরা যুদ্ধ করেছে / শহিদরা এ ভাষার কেঁদেছে / মায়ের প্রিয় ছেলে বলে।

ঙ) ১৯৫২ সালের সঙ্গে সম্পর্কিত- ভাষা আন্দোলন / খেলাফত আন্দোলম / অসহযোগ আন্দোলন / দেশ বিভাগ।

http://teachingbd.com

২। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। নিচের বাক্যগুলোর শূণ্যস্থানে উপযুক্ত শব্দটি বসিয়ে বাক্যগুলো উত্তরপত্রে লেখঃ ১×৫=৫

শব্দ	শব্দার্থ
অপমান	অসম্মান
অহংকার	অহমিকা
সমুদ্র	সমুদ্দুর
ধারা	নিয়ম
শহিদ	সত্য বা ন্যায়ের জন্য যারা জীবন দেন
গর্ব	গরব

ক) চুয়ান্ন --- পুলিশ সবাইকে গ্রেফতার করতে পারে।

খ) --- পতনের মূল।

গ) আমাদের দেশ, আমাদের ভাষা নিয়ে আমরা --- করি।

ঘ) --- দেখার সাধ আমার বহুদিনের।

ঙ) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তিরিশ লাখ লোক --- হয়।

৩। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে একটি করে শব্দ তৈরী কর এবং তৈরীকৃত শব্দ দিয়ে একটি করে নতুন বাক্য লেখঃ ১×৫=৫

স্ব, ন্দ, ক্ত, ন্ধ, জ্ঞ

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখঃ ৩×৫=১৫

ক) আমরা শহিদ মিনারে ফুল দেই কেন?

খ) আমরা কীভাবে রাষ্ট্রভাষা বাংলা লাভ করি?

গ) বাংলার বীর সন্তানেরা ১৪৪ ধারা ভঙ্গ করে কেন?

৫। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার জন্য তুমি যে প্রস্তুতি গ্রহণ করেছো তা জানিয়ে পিতা / বন্ধুর কাছে একটি পত্র লেখ। ৫

■ প্রদত্ত অনুচ্ছেদ টি পড়ে ৬, ৭, ৮ ও ৯নং প্রশ্নের উত্তর লেখঃ

নায়াগ্রা হলো জলপ্রপাত, জলপ্রপাত তো কখনো দেখিনি, শুধু জেনে এসেছি। ঝর্ণার মতো পাহাড়ের উপর থেকে পানি নিচে সমতল ভূমিতে গড়িয়ে পড়ছে। তবে আকারে প্রকারে ঝর্ণা ছোট, আর জলপ্রপাত বড়, এটুকু যা তফাৎ। উপর থেকে নিচে জল পতনের ব্যাপার দু-জায়গাতেই ঘটছে। জল যদি নাই পড়ে তাহলে ঝর্ণাও হবে না, জলপ্রপাতও হবে না। কিন্তু জল যে নিচে পড়ছে, পড়ে যাচ্ছেটা কোথায়? জলের ধর্ম তো গড়িয়ে যাওয়া ঝর্ণার জলও গড়াতে গড়াতে ক্রমশ নদী হয়ে যায়।

৬। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখঃ ১×৫=৫

ক) নিচের কোনটি জলপ্রপাত?- নায়াগ্রা জলপ্রপাত / হিমছড়ি জলপ্রপাত / মাধবকুন্ড জলপ্রপাত / সীতাকুন্ড জলপ্রপাত।

খ) নায়াগ্রা মূলত কী?- একটি পাহাড়/ একটি স্থান / একটি খরস্রোতা নদী / একটি জাহাজ।

গ) নায়াগ্রা কোথায় অবস্থিত?- চিলি / পেরু / মেক্সিকো / কানাডা।

ঘ) নায়াগ্রা দেখতে সবাই রাজি হওয়ার কারণ- নায়াগ্রা ঐতিহ্যপূর্ণ বলে / নায়াগ্রার রূপ বৈচিত্রের জন্য / নায়াগ্রার জীবনযাপনের সুবিধার্থে / নায়াগ্রার প্রশস্ত রাস্তার কারণে।

ঙ) কোন জলপ্রপাতটি পাহাড় থেকে নামেনি?- হিমছড়ি জলপ্রপাত / নায়াগ্রা জলপ্রপাত / মাধবকুন্ড জলপ্রপাত / ইগুয়াজু জলপ্রপাত।

Copyright Md Shah Jamal

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখঃ ১+২+২=৫

ক) জলপ্রপাত কী?

খ) জলপ্রপাত থেকে কীভাবে নদী হয়? বুঝিয়ে লেখ ।

গ) জলের ধর্ম তা গড়িয়ে যাওয়া- যাচাই কর ।

৮। নিচের শব্দগুলোর অর্থ লেখঃ ১×৫=৫

পতন, ভূমি, জল, সমতল, তফাৎ

৯। প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ। ৫

১০। নিচের বাক্যগুলোর প্রদত্ত ভুল শব্দটি শুদ্ধ করে লেখঃ ১×৫=৫

ক) মাটির তৈরি শিল্পকর্মকে মৃতশিল্প বলে ।

খ) নাগরদোলা ক্যাচর ক্যাচর শব্দ করে ।

গ) বাংলাদেশ উৎসব ও পার্বনের দেশ ।

ঘ) পরিস্কার এঁটেল মাটি দিয়ে টেপা পুতুল তৈরি হয় ।

ঙ) মামার বাড়ি রাসের হাড়ি ।

১১। প্রদত্ত অনুচ্ছেদটিতে বিরামচিহ্ন বসাওঃ ১×৫=৫

কিন্তু বিশ্ব-ভূমন্ডল বড়ই বিচিত্র কত অসম্ভব ব্যাপারই যে ঘটে পৃথিবীতে সবচেয়ে বৃহৎ জলপ্রপাত বলা হয় নায়াগ্রাকে এই জলপ্রপাত পাহাড় থেকে নামে নি সে যে কী বিস্ময়কর বলে কাউকে বোঝান সম্ভবই নয়

১২। এক কথায় প্রকাশ করঃ ১×৫=৫

ক) যাকে লঙ্ঘন বা অতিক্রম করা কঠিন ।

খ) যে অভিযান করে ।

গ) কোনো রকম বিচার বিবেচনা ছাড়া ।

ঘ) যে দয়া কামনা করে ।

ঙ) জলশূন্য স্থান ।

১৩। নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখঃ ৫

শরীর, প্রতিজ্ঞা, দুঃখ, দাসী, রাজা ।

১৩। ক) কবিতার চরণগুলো সাজিয়ে লেখ: ৬

লড়ে মুক্তি সেনা,
কখনো ভুলবে না ।
পায়রা মেলে পাখা,
হানাদারের সঙ্গে জোরে
আবার দেখি নীল আকাশে
তাদের কথা দেশের মানুষ

খ) কবিতার অংশটুকু কোন কবিতার অংশ তা লেখ । ১

গ) কবিতাটির কবির নাম কী? ১

ঘ) মুক্তিসেনাদের কথা মানুষ কেন ভুলবে না? ২

Copyright Md Shah Jamal

১৫। বিদ্যালয় থেকে ছুটি নেওয়ার জন্যে নিচের ফরমটি পূরণ করঃ ৫

ছুটির ফরম:

শিক্ষার্থীর নাম : ....

শ্রেণি : ....

শাখা : ....

রোল নম্বর : ....

ছুটির কারণ : ....

ছুটির সময় : ....

বর্তমান ঠিকানা : ....

স্থায়ী ঠিকানা : ....

....

শ্রেণি শিক্ষকের স্বাক্ষর

....

শিক্ষার্থীর স্বাক্ষর

Copyright Md Shah Jamal

১৬। নিচের যেকোন একটি বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখঃ ১০

ক) একটি ঐতিহাসিক স্থান [সংকেত: ভূমিকা, মহাস্থানগড়ের অবস্থান, মহাস্থানগড়ের ইতিহাস, মহাস্থানগড়ের বর্তমান রূপ, উপসংহার ।]

খ) নায়াগ্রা জলপ্রপাত [সংকেত: ভূমিকা, অবস্থান, জলপ্রপাত, বিশেষত্ব, বৈশিষ্ট্য, উপসংহার ।]

গ) একুশে ফেব্রুয়ারি [সংকেত: ভূমিকা, একুশের ইতিহাস / ঐতিহাসিক পটভূমি, স্বীকৃতি, জাতীয় চেতনায় একুশ, উপসংহার ।]

ঘ) সুন্দরবনের প্রাণী [সংকেত: ভূমিকা, সুন্দরবনের অবস্থান, সুন্দরবনের প্রাণী, রয়্যাল বেঙ্গল টাইগার, হরিণ, বানর, মৌমাছি, সুন্দরবনের বিলুপ্ত প্রায় প্রাণী, গন্ডার, হাতি, বাঘ, আমাদের দায়িত্ব, উপসংহার]